দৈনিক বাংলা

তারিখ 24 APR 1995
পৃষ্ঠা কলাম

# শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীতে বৈষম্য

নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ থানাধীন কায়েতপাড়া ইউনিয়নের অন্তর্গত সকল সরকারী বেসরকারী রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ে '৯৪-সালের অক্টোবর মাস থেকে শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর আওতায় দুঃস্থ ছাত্র-ছাত্রীদের মাঝে গম বিতরণের কর্মসূচি চালু হয়েছে। চনপাড়া পুনর্বাসন কেন্দ্রটি কায়েতপাড়া ইউনিয়নের একটি বস্তি। এখানে প্রায় ৩০ হাজার দুঃস্থ লোক বাস করে। বাংলাদেশের সবচেয়ে বেশী গরীব এলাকার মধ্যে চনপাড়ার এ বস্তিটি অন্যতম। এখানে ৩টি প্রাথমিক বিদ্যালয়ে প্রায় আড়াই হাজার ছাত্রছাত্রী প্রাথমিক শিক্ষা গ্রহণ করছে। '৭৫ সালে তৎকালীন সরকার ঢাকা ওয়াসার জমিতে বস্তিটি প্রতিষ্ঠিত করে। অথচ এ পর্যন্ত আইনগতভাবে বস্তিটিকে স্বীকৃতি প্রদান না করে ঝুলিয়ে রাখা হয়েছে। জনসংখ্যা বিচার করলে এটি একটি ইউনিয়নের মর্যাদা পেতে পারে। জমি সংক্রান্ত কারণে এখানকার ৩টি বিদ্যালয় সরকারী অনুদান, সাহায্য ও সহযোগিতা থেকে বঞ্চিত রয়েছে। বিদ্যালয় ৩টির শতকরা একশ' জন ছাত্র-ছাত্রীই গম পাওয়ার উপযুক্ত। তারা সঠিকভাবে দুবেলা পেট পুরে খাবার পায় না। অথচ প্রতি বছর সরকারী প্রাথমিক বৃত্তি অর্জন করছে তাদের অনেকে। উল্লেখ্য, স্থানীয় জনগণের সহযোগিতায় বিদ্যালয়গুলো পরিচালিত হচ্ছে। জনকল্যাণ ও নবকিশলয় প্রাথমিক বিদ্যালয় ২টি সরকার কর্তৃক রেজিস্ট্রেশনপ্রাপ্ত। আল-আমীন শিশু একাডেমী রেজিস্ট্রেশনপ্রাপ্ত নয়। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী জনাব আবদুল মতিন চৌধুরী অক্টোবর মাসে জনকল্যাণ আদর্শ বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের দুঃস্থ ছাত্র-ছাত্রীদের মাঝে গম বিতরণের অনুষ্ঠান উদ্বোধন করেন। '৭৪ অক্টোবর থেকে ডিসেম্বর পর্যন্ত ছাত্র-ছাত্রীরা গম পেয়েছে। কিন্তু দুঃখের বিষয় '৯৫ সালের জানুয়ারী মাস থেকে সরকারী অনুদান না পাওয়ার অজুহাত দেখিয়ে সহকারী শিক্ষা অফিসার কর্তৃক অনাহারী-অর্ধাহারী দুঃস্থ শিশুদের সম্মুখ থেকে খাবার ছিনিয়ে নেয়া হয়েছে। এই অমানবিক কাজের প্রতিবাদ করার ভাষা আমাদের জানা নেই। নব কিশলয় বিদ্যালয়টিকে অক্টোবরের প্রথম কিস্তি দিয়েই বন্ধ করে দেয়া হয়। কিন্তু কি অপরাধে? অসহায় এতিম দুঃস্থ শিশুদের অপরাধ কি এটাই যে তারা বস্তিতে জন্মগ্রহণ করেছে? গম পেতো দিন মজুর, ক্ষেত মজুর, মিল শ্রমিক ও অসহায় বিধবা-পঙ্গুর সন্তানেরা, বিদ্যালয়ের শিক্ষকগণ তো নয়। এ ব্যাপারে শিক্ষা বিভাগীয় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি এবং সার্বজনীন প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করার ক্ষেত্রে এই বৈষম্য দূর করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আবেদন জানাচ্ছি।

মোঃ নূরুজ্জামান
শিক্ষক সদস্য সচিব
জনকল্যাণ আদর্শ প্রাথমিক বিদ্যালয়
চনপাড়া, ডেমরা, ঢাকা